

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 প্রবাসী কল্যাণ ভবন
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
 প্রশাসন শাখা
www.probashi.gov.bd


নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০১৭.১৭.২২ ৮

তারিখ : ২৮-০২-২০১৮ খ্রি:

বেসরকারি আইনজীবী প্যানেল নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি স্বার্থ রক্ষার্থে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর মাধ্যমে মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় সহায়তা প্রদানের জন্য ৩ (তিনি) জন, দেওয়ানীসহ অধিক্ষেত্রে আদালতে মামলা পরিচালনার জন্য ১ (এক) জনসহ মোট ৪ (চার) জন এবং প্রশাসনিক ট্রাইবুনালে ও প্রশাসনিক আপিল ট্রাইবুনালে ১ (এক) জনসহ সর্বমোট ৫ (পাঁচ) জনের একটি বেসরকারি আইনজীবী প্যানেল তালিকাভুক্ত করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

- ১। আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে;
- ২। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, বয়স ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত দিতে হবে;
- ৩। আবেদনের সাথে সদ্য তেলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে;
- ৪। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, বার কাউপিলের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউপিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতার সনদপত্রসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;
- ৫। সুপ্রিম কোর্ট ও প্রশাসনিক ট্রাইবুনালে মামলা পরিচালনার জন্য হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে অ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- ৬। দেওয়ানী ও নিম্ন আদালতে মামলা পরিচালনার জন্য দেওয়ানী আদালতে অ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;
- ৭। আবেদনের সাথে মামলার ধরন অনুযায়ী পরিচালনা ব্যয়ের বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে। এক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত হারে আইনজীবীগণকে ফি পরিশোধ করা হবে এবং সরকার কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হবে ও সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;
- ৮। অন্য কোন প্রতিষ্ঠানে আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে;
- ৯। আবেদনকারীর বয়স ৬০ বছরের অধিক হতে পারবে না;
- ১০। অবসরপ্রাপ্ত জেলা জজ/বিচারকগণও আবেদন করতে পারবেন;
- ১১। আইনজীবী নিয়োগের মেয়াদ ২ (দুই) বছর হবে;
- ১২। কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা (সদস্য-সচিব আইনজীবী প্যানেল নিয়োগ কমিটি) বরাবর আবেদনপত্র পৌছাতে হবে;
- ১৩। বিজ্ঞপ্তি প্রকাশের ২১ (একুশ) দিনের মধ্যে উপসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইক্সটন গার্ডেন, ঢাকা (সদস্য-সচিব আইনজীবী প্যানেল নিয়োগ কমিটি) বরাবর আবেদনপত্র পৌছাতে হবে;
- ১৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এক্ষেত্রে কোন ধরণের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।


 (ফাতেমা জাহান)
 উপসচিব (প্রশাসন)

ও
 সদস্য-সচিব
 আইনজীবী প্যানেল নিয়োগ কমিটি
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
 ফোনঃ ৪৯৩৪৯৩১৪
 মোবাইলঃ ০১৭১৬৮১৫৫০৬